

## প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে অনুদান প্রদানের সাধারণ পদ্ধতিঃ

আপনি প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে অর্থ সাহায্য প্রদান করতে চাইলে নিচের যে কোনো একটি পদ্ধতি বেছে নিতে পারেন :

### নগদ টাকা বা চেকঃ

(ক) অর্থ সাহায্য আপনি সরাসরি (নগদ টাকা বা চেক) এই একাউন্ট নম্বরে জমা দিতে পারেন-

প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিল  
চলতি হিসাব নং- ৩৩০০৪০৯৩  
সোনালী ব্যাংক, প্রধানমন্ত্রীর কার্যালয় শাখা  
তেজগাঁও, ঢাকা।

(খ) আপনি আপনার ক্রস চেকটি সংযুক্ত করে (নগদ অর্থ নয়) প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে নিচের ঠিকানায় একটি চিঠির মাধ্যমে(Forwarding Letter) পাঠাতে পারেন।

মুখ্য সচিব,  
প্রধান উপদেষ্টার কার্যালয়,  
তেজগাঁও, ঢাকা, বাংলাদেশ।  
দৃষ্টি আকর্ষণঃ এসাইনমেন্ট অফিসার  
প্রধান উপদেষ্টার কার্যালয়  
তেজগাঁও, ঢাকা।

এ ক্ষেত্রে আপনার চেকটি এই কার্যালয়ের মাধ্যমে ব্যাংকে জমা হবে।

(গ) আপনি যদি মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের সাথে সাক্ষাৎ করে আপনার অনুদান হস্তান্তর করতে চান আপনার প্রয়োজনীয় তথ্য সহ(যোগাযোগ ঠিকানা, ফোন নম্বর, ফ্যাক্স নম্বর সহ) নিচের নম্বরে ফ্যাক্স করতে পারেনঃ

ফ্যাক্স নং- ৮১৫১৭০০, ৮১১১৪৯০

এ ক্ষেত্রে ফ্যাক্স পাওয়ার পর আপনার সাথে যোগাযোগ করে আপনার পরবর্তী করণীয় বলে দেয়া হবে।

### ইলেকট্রনিক ট্রান্সফার ও বিদেশ থেকে পাঠানো অনুদান :

(ঘ) প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে (ওপরে দেয়া অ্যাকাউন্টের তথ্য দেখুন) ইলেকট্রনিক ট্রান্সফারের মাধ্যমে বা বিদেশ থেকে অর্থ সাহায্য প্রদান করতে চাইলে সোনালী ব্যাংক হেড অফিসের সুইফট কোড (SWIFT code : BSONBDDH) ব্যবহার করে এটি করা যাবে। (সোসাইটি ফর ওয়ার্ল্ডওয়াইড ইন্টারব্যাংক ফাইন্যান্সিয়াল টেলিকমিউনিকেশন আন্তঃব্যাংক আদান প্রদানের জন্যে এই কোডগুলি ব্যবহার করে থাকে।) সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, অগ্রণী ব্যাংক, সোনালী এক্সচেঞ্জ কম্পানী বা সুইফট সিসটেম ব্যবহারকারী অন্য যে কোনো স্থানীয় বা আন্তর্জাতিক ব্যাংকের মাধ্যমেও অর্থ সাহায্য প্রেরণ করা যাবে। এছাড়া, বিদেশে বাংলাদেশ দূতাবাস ও হাই কমিশনগুলি এই তহবিলে দেয়া চেক গ্রহণ করছে।

\* অনুগ্রহ করে বিদেশস্থ বাংলাদেশী আর্থিক প্রতিষ্ঠানের তালিকা দেখুন।

### ত্রাণ সামগ্রী :

(ঙ) অর্থ সাহায্য ছাড়া অন্য কোন প্রকার অনুদান প্রেরণ করতে চাইলে তার বিবরণী দিয়ে নিচের ঠিকানা ও নম্বরে ফ্যাক্স করতে পারেন।

মুখ্য সচিব,  
প্রধান উপদেষ্টার কার্যালয়,  
তেজগাঁও, ঢাকা, বাংলাদেশ।

দৃষ্টি আকর্ষণঃ এসাইনমেন্ট অফিসার  
প্রধান উপদেষ্টার কার্যালয়  
তেজগাঁও, ঢাকা।

ফ্যাক্স নং- ৮১৫১৭০০, ৮১১১৪৯০

এ ক্ষেত্রে ফ্যাক্স পাওয়ার পর আপনার সাথে যোগাযোগ করে আপনার পরবর্তী করণীয় বলে দেয়া হবে।

অন্যান্য তথ্যঃ

- (চ) এ ছাড়া প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে অনুদান প্রদান সংক্রান্ত অন্য কোন তথ্য জানতে হলে নিচের নম্বরে প্রধান উপদেষ্টার এসাইনমেন্ট অফিসারের সাথে আলাপ করতে পারেন।

ফোন নম্বর- ৮৮০-২-৮১৫৩০৮২